

Model Activity Task 2021 October

Model Activity Task Part –7| Class-5 | Science

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর ষষ্ঠ শ্রেণী। পরিবেশ ও বিজ্ঞান | পার্ট -৭

১. ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:

১.১ পেট্রোলিয়াম সম্বন্ধে যে কথাটা ঠিক নয় তা হলো-

- (ক) পেট্রোলিয়াম এক ধরনের জীবাশ্ম জ্বালানি
- (খ) পাললিক শিলাস্তরের নীচে পেট্রোলিয়াম জমা হয়
- (গ) পেট্রোলিয়ামকে সংক্ষেপে পেট্রোল বলা হয়
- (ঘ) পেট্রোলিয়াম থেকে নানা ধরনের তরল জ্বালানি তৈরি করা হয়।

১.২ যেটা SI একক নয় সেটা হলো -

- (ক) কিলোগ্রাম
- (খ) মিটার
- (গ) সেকেন্ড
- (ঘ) ইঞ্চি

১.৩ সারা শরীর থেকে উর্ধ্ব ও নিম্ন মহাশিরা দিয়ে অবিশুদ্ধ রক্ত হৃৎপিণ্ডের যে প্রকোষ্ঠে পৌঁছায় সেটি হলো-

- (ক) ডান নিলয়
- (খ) নিলয়
- (গ) ডান অলিন্দ
- (ঘ) বাম অলিন্দ।

২. বাম স্তম্ভের সঙ্গে ডান স্তম্ভের মিল করে লেখো:

বাম স্তম্ভ	ডান স্তম্ভ
২.১ ইলেকট্রিক ইন্ড্রি	খ) তড়িৎশক্তি থেকে তাপশক্তি
২.২ তাপ বিদ্যুৎ কেন্দ্র	গ) তাপশক্তি থেকে তড়িৎশক্তি
২.৩ অণুচক্রিকা	ক) রক্ত জমাট বাঁধতে সাহায্য করা

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ কোনো ধাতুর আকরিক বলতে কী বোঝায় তা ব্যাখ্যা করো।

উ:- যে খনিজ থেকে ধাতুকে সম্ভায় ও সহজে বার করা সম্ভব তাকে ধাতুর আকরিক বা ‘ওর ‘ (Ore) বলা হয়।

৩.২ খাদ্য পিরামিডের এক পুষ্টিস্তর থেকে পরবর্তী পুষ্টিস্তরে খাদ্যের মাধ্যমে যতটুকু শক্তি যায় তার বেশিরভাগ খাদক প্রাণীদের দেহে সঞ্চিত থাকে না। তাহলে শক্তির বেশিরভাগ কোথায় যায়?

১. এক পুষ্টিস্তর থেকে পরবর্তী পুষ্টি স্তরে খাদ্য হিসেবে ব্যবহৃত হওয়ার সময়, শক্তির একটা অংশ নানান শারীরবৃত্তীয় কাজে খরচ হয়। শক্তির এই অংশটুকু আর পরের পুষ্টিস্তরে পৌঁছাতে পারে না।
২. পুষ্টিস্তরের অন্তর্গত জীবরা মরে যায়। মরার পর পচা গলা মৃতদেহ মাটিতে মিশে গেলে পরবর্তী পুষ্টিস্তরের জীবরা ওই শক্তি ব্যবহার করতে পারে।

৩.৩ জল বা খাবারে মিশে থাকা জীবাণুদের ধ্বংস করার জন্য আমাদের শরীরে কী কী ব্যবস্থা আছে?

উ:- লালায় লাইসোজোম (জীবাণু ধ্বংসকারী রাসায়নিক পদার্থ) ২. পাকস্থলীতে হাইড্রোক্লোরিক অ্যাসিড

৩.৪ “মানবদেহে নানা কারণে অস্বাভাবিক বিকাশ ঘটতে পারে” - কারণগুলি কী কী?

উ:- নানা কারণে অস্বাভাবিক বিকাশ ঘটতে পারে। কখনও যথেষ্ট খাবার না পেলে, কখনও বা বেশি খাবার খেলে, কখনও বা কোনো রোগের বা বংশগত অস্বাভাবিকতার কারণে তা হতে পারে।

৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও :

৪.১ খাতার পৃষ্ঠার মতো দুটো কাগজকে সমান্তরালভাবে ধরে তাদের মাঝখানে জোরে ফুঁ দিলে কাগজ দুটো পরস্পরের কাছে চলে আসে। বারনৌলির নীতি থেকে এর ব্যাখ্যা দাও।

উ:- বারনৌলীর নীতি অনুসারে, কোনো গতিশীল গ্যাস বা তরল, যে স্থানে বেশি বেগ নিয়ে চলে সেই স্থানে ওই গ্যাস বা তরলের চাপ কম হয়। তাই, দুই কাগজের মধ্য দিয়ে ফুঁ-এর বায়ু যখন বেগে প্রবাহিত হচ্ছে তখন ওই জায়গায় বায়ুর চাপ কমে যাচ্ছে। ফলে কাগজের দুই পাশের বায়ু কাগজ

দুটোর ওপর লম্বভাবে যে চাপ দেয় তা ভেতরে ফুঁ-এর জায়গার বায়ুর চাপের চেয়ে বেশি। তাই কাগজ দুটো জোড়া লেগে যায়।

৪.২ অস্থির কাজ কী কী?

উ:- অস্থির কাজগুলি হলো নিম্নরূপ-

১. প্রাণীদেহের কাঠামো গঠন করে এবং চলনে সহায়তা করে।
২. দেহকে দৃঢ়তা প্রদান করে এবং দেহের সকল অঙ্গের ভার বহন করে।
৩. অস্থি বৃহৎ পেশি সংযোগ স্থাপন করে।
৪. অস্থিমজ্জা থেকে লাল রক্তকণিকা উৎপন্ন হয়।